দৈনিক জনকণ্ঠ

তারিখ: 31 DEC 2016 পৃষ্ঠা: ... কলাম: ...

# কোচিংবাণিজ্য ও গাইড বন্ধে আইন হচ্ছে : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আইন করে শিক্ষকদের কোচিংবাণিজ্য এবং গাইড-নোটবই বন্ধ করা হবে। গতকাল শুক্রবার বেলা ১১টায় রাজধানীর টিচার্স ট্রেনিং কলেজ মিলনায়তনে অবসরপ্রাপ্ত মুক্তিযোদ্ধা শিক্ষক-কর্মচারীদের কল্যাণ ও অবসর সুবিধার চেক হস্তান্তর অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকরা আমাদের মাথার মণি। কিন্তু অনেকেই ক্লাসে পড়ান না, কোচিংয়ে পড়ান। এগুলো আর চলবে না। আইন করে কোচিংবাণিজ্য এবং নোটবই-গাইড বন্ধ করা হবে। তিনি বলেন, বাচ্চাদের রেজাল্ট প্রকাশ হলেই কিছু বুদ্ধিজীবী টিভি টকশোতে গিয়ে বলেন– শিক্ষার মান কমে গেছে। এতে বাচ্চাদের মনোবল কমছে। যাদের ছেলেমেয়েরা দেশের বাইরে পড়ালেখা করে, তারা জেএসসি, পিএসসি পরীক্ষার বিরুদ্ধে কথা বলেন। জঙ্গিবাদের এরপর পৃষ্ঠা ৯ কলাম ১

## কোচিংবাণিজ্য ও গাইড বন্ধে আইন

(৩ এর পৃষ্ঠার পর) বিরুদ্ধে শিক্ষক ও অভিভাবকদের সচেতন থাকার আহ্বান জানিয়ে নুরুল ইসলাম নাহিদ বলেন, '৭১ সালের এ মাসেই আমরা স্বাধীনতা অর্জন করেছি। আমাদের গৌরবোজ্জ্বল ইতিহাস এই মুক্তিযুদ্ধ। সামাজিক আন্দোলনের মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনায় নতুন প্রজন্মকে উৎসাহিত করতে হবে।

তিনি আরও বলেন, জামায়াত, গোলাম আযমের নাম মুখে নিলে দাঁত মেজে কুলি করতে হবে। মুক্তিযুদ্ধের সময় আমাদের মা-বোনদের ওপর অকথ্য নির্যাতন চালিয়েছে তারা। স্বাধীনতার পর থেকে তারা দেশকে পেছনে নিয়ে যেতে চক্রান্ত করেছে।

শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের মাধ্যমে আমরা ছয় বছরে ২ হাজার ২০০ কোটি টাকা শিক্ষকদের মাঝে বিতরণ করেছি। যেখানে বিএনপি দিয়েছিল মাত্র ৩৫০ কোটি টাকা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামান। অনুষ্ঠানে মোট ৫৭৯ জন অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীর হাতে কল্যাণ ও অবসর সুবিধা বাবদ মোট ২৪ কোটি টাকার চেক হস্তান্তর করা হয়।